

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৭

২০. কোমলতা অধ্যায় (كتاب الرفاق)

পরিচ্ছেদঃ ১০৬. সবচেয়ে নিম্নস্তরের জান্নাতী লোকের অবস্থানস্থল সম্পর্কে

باب فِي أَدْنَى أَهْلِ الْجَنَّةِ مَنْزِلًا

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ أَدْنَى أَهْلِ الْجَنَّةِ مَنْزِلًا مَنْ يَتَمَنَّى عَلَى اللَّهِ فَيُقَالُ لَهُ لَكَ ذَلِكَ وَمِثْلُهُ مَعَهُ إِلَّا أَنَّهُ يُلْقَى سِوَى كَذَا وَكَذَا فَيُقَالُ لَهُ ذَلِكَ لَكَ وَمِثْلُهُ مَعَهُ قَالَ أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيُقَالُ لَهُ ذَلِكَ وَعَشْرَةَ أَمْثَالِهِ

বাংলা

২৮৬৭. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “জান্নাতবাসীদের মধ্যে যে কোনো ব্যক্তিকে সবচেয়ে নিম্নস্তরের বাসস্থান দেয়া হবে, যে আল্লাহর নিকট কামনা করবে। তখন তাকে বলা হবে: “(যা কামনা করেছো) তাতো তোমার জন্য দেওয়াই হলো, এবং তার সাথে অনুরূপ পারিমাণও (দেওয়া হলো)।” এছাড়াও, তাকে আরও শিখিয়ে দেওয়া হবে যে, (তুমি) এরূপ এরূপ (চাও)।

তখন তাকে বলা হবে: “তাতো তোমার জন্য দেওয়াই হলো, এবং তার সাথে অনুরূপ পারিমাণও (দেওয়া হলো)।” আবু সাঈদ খুদরী রাযিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তখন তাকে বলা হবে: (যা কামনা করেছো) তাতো তোমার জন্য দেওয়াই হলো, এবং তার সাথে আরও দশ গুণ পারিমাণ (দেওয়া হলো)।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান। ((তবে হাদীসটি সহীহ- যেমন তাখরীজে উল্লেখিত হয়েছে।-অনুবাদক))

তাখরীজ: ইবনু আবী শাইবা ১৩/১১০-১১১ নং ১৫৮৪৬; আহমাদ ২/৪৫০; আবী নুয়াইম, সিফাতুল জান্নাত নং ৪৪৬, ৪৪৭; মুসলিম, ঈমান ১৮২ (৩০১); বাগাবী, শারহুস সুন্নাহ নং ৪৩৭০; হুমাম ইবনু মামবাহ, তার সহীহফাতে নং ৫৬। আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৯৩৯ তে।

এ হাদীসটি দীর্ঘাকারে বর্ণিত হয়েছে, বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনায়: বুখারী, আযান ৮০৬; মুসলিম, ঈমান ১৮২ তে, আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬৩৬০, ৬৩৬১ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৬৪২, ৭৪২৯, ৭৪৪৫ ও মুসনাদুল হুমাইদী নং ১২১২ তে।

এছাড়াও, নুয়াইম ইবনু হাম্মাদ, যাওয়াইদ আলা যুহদি ইবনুল মুবারক নং ২৮৪; বাইহাকী, বায়াছ ওয়ান নুশুর নং ৯৪, ৪২৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83152>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন